

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

নং- শিম/শাঃ ১৭/১০ এম-১৫/২০০৭ (অংশ-২)/২৬(১২০)


তারিখঃ ১৭/০১/২০১১ খ্রিঃ

বিষয় : শিক্ষা খাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচীর অর্থ সহায়তা প্রাপ্তির লক্ষ্যে চুক্তিনামা সম্পাদন।

সূত্র : শিক্ষা খাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচী নীতিমালার ৮(খ) ও ৯ অনুচ্ছেদ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মুখ্য গবেষকগণের জন্য সম্পাদিতব্য জাতীয় স্টিয়ারিং কমিটি কর্তৃক অনুমোদিত একটি চুক্তিনামার খসড়া এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

২। গবেষণার জন্য অর্থ সহায়তা প্রদানের নিমিত্ত মনোনীত সম্মানিত গবেষকগণকে সংযুক্ত চুক্তিনামার কপি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব সাইট (www.moedu.gov.bd) থেকে সংগ্রহ করে বিধি মোতাবেক নির্ধারিত মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প যথাযথভাবে চুক্তি সম্পাদন করতঃ চুক্তিনামার একটি মূল কপি অবিলম্বে/অর্থ সহায়তার চেক গ্রহণের প্রাক্কালে শিক্ষা মন্ত্রণালয়ে দাখিল করার জন্য সনির্বন্ধ অনুরোধ করা হলো।


 ২৭/০১/২০১১
 (রঞ্জিৎ কুমার সেন)
 উপসচিব
 ফোনঃ ৭১৬১১৭৬

বিতরণ :

- ১। ভাইস-চ্যান্সেলর, (সকল সরকারি বিশ্ববিদ্যালয়)।
- ২। ভাইস-চ্যান্সেলর, (সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়)।
- ৩। জনাব / প্রফেসর
.....
- ৪। পরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), এবং সদস্য সচিব, প্রাথমিক বাছাই কমিটি, ১নং সোনারগাঁও রোড, পলাশী, নীলক্ষেত, ঢাকা - ১২০৫।
- ৫। সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। অত্র স্মারকসহ চুক্তিনামার কপি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।

শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচি নীতিমালার
অনুচ্ছেদ ৮(খ) ও ৯ মোতাবেক গবেষণা সহায়তা বিষয়ক

চুক্তিনামা

আমি নিম্নস্বাক্ষরকারী ১ম পক্ষ (মুখ্য গবেষক) অদ্য খ্রিঃ এ মর্মে অঙ্গীকারাবদ্ধ হচ্ছি যে, শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচির অধীনে আমা কর্তৃক দাখিলকৃত গবেষণা কার্যক্রম পরিচালনা ও গবেষণা প্রকল্পের অনুকূলে সরকার প্রদত্ত/প্রদেয় অর্থ ব্যয়ে নিম্নরূপ শর্তাবলী মেনে চলব। এর অন্যথা হলে বিধি মোতাবেক সরকার যেরূপ সিদ্ধান্ত গ্রহণ করবে তা নিঃশর্তভাবে মেনে চলতে বাধ্য থাকব।

শর্তাবলী :

- (১) গবেষণার নীতিমালা মোতাবেক সরকার/যথাযথ কর্তৃপক্ষ সংশ্লিষ্ট বিশেষজ্ঞ ও কর্মকর্তাগণের সম্মুখে গঠিত মনিটরিং কমিটির মাধ্যমে সময়ে সময়ে গবেষণা অগ্রগতি পরিদর্শন, পর্যবেক্ষণ, পরিবীক্ষণ ও মূল্যায়ন করতে পারবে;
- (২) গবেষণা অগ্রগতি সন্তোষজনক প্রতীয়মান না হলে অর্থ প্রদান স্থগিতকরণ, পুনঃতফসিলীকরণ করা যাবে বা বরাদ্দের পরিমাণ পুনঃনির্ধারণ করা যাবে;
- (৩) যুক্তিযুক্ত কারণ ছাড়া গবেষণার ধারাবাহিকতা ক্ষুণ্ণ করা হলে গবেষণা সহায়তা স্থগিত বা বাতিল করা যাবে;
- (৪) গবেষণা সহায়তার অর্থ গবেষণা উপকরণ সংগ্রহ, সরকার অনুমোদিত হারে সম্মানী গ্রহণ/প্রদান, গবেষণা বৃত্তি, দেশী-বিদেশী গবেষণা সফর, গবেষণা জরীপ ব্যয়, গবেষণা সেমিনার, গবেষণা প্রকাশনা এবং গবেষণা ল্যাবরেটরী স্থাপন কাজে ব্যয় করা যাবে;
- (৫) গবেষণা সহায়তার অর্থ নিছক নির্মাণ কাজ বা পূর্ত অবকাঠামো উন্নয়ন কাজে ব্যয় করা যাবে না।
- (৬) গবেষণা শেষে গবেষণা পরিচালনার স্থল বা প্রতিষ্ঠান/বিভাগ গবেষণার জন্য ক্রয়কৃত উপকরণাদি প্রাপ্তির বিষয়ে জাতীয় স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত অগ্রাধিকার পাবে;
- (৭) গবেষণা কর্মে স্থানীয় গবেষণা প্রতিষ্ঠান, শিল্প উদ্যোক্তা, সমাজ হিতৈষীদের গবেষণা সহযোগিতা বা অনুদান গ্রহণ করা যাবে। তবে এক্ষেত্রে প্রতিটি অনুদানের অর্থ ব্যয়ে যাতে অভ্যর্থনাপত্র না হয় সে লক্ষ্যে ব্যয়ের হিসাব পৃথক পৃথকভাবে সংরক্ষণ করতে হবে;
- (৮) কোন কারণে গবেষণা-কর্ম পরিচালনা করা সম্ভব না হলে তা সরকারকে অবহিত করতে হবে এবং সহায়তার অর্থ ব্যয় তাৎক্ষণিকভাবে বন্ধ রাখতে হবে;
- (৯) প্রতি ৬ (ছয়) মাস অন্তর গবেষণা কর্মের অগ্রগতির একটি বস্তনিষ্ঠ প্রতিবেদন এবং ২য়/৩য় পর্যায়ে অর্থ সহায়তার চাহিদা (যদি থাকে) সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ও সভাপতি, জাতীয় স্টিয়ারিং কমিটি এবং পরিচালক, ব্যানবেইস ও সচিব প্রাথমিক বাছাই কমিটি, ১ পলাশী, নীলক্ষেত, ঢাকা বরাবর যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে;
- (১০) নির্ধারিত সময়ের মধ্যে গবেষণার ফলাফল প্রাপ্তি নিশ্চিত করতে হবে;
- (১১) গবেষণা কর্মসূচির আওতায় কোন প্রকার পদ সৃজন বা নিয়োগ গ্রহণযোগ্য হবেনা। কারিগরি সহায়তা, সংগ্রহ ও বিশ্লেষণে প্রয়োজন হলে চুক্তিভিত্তিক জনবল কাজ করতে পারবে। তবে এরূপ নিয়োজিত জনবল সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বা সরকারের কর্মচারী বলে গণ্য হবেন না। গবেষণা প্রকল্পের অনুকূলে অনুমোদিত/প্রদত্ত/প্রদেয় অর্থ সহায়তার মধ্যে এ সকল জনবলের যাবতীয় ব্যয় নির্বাহ করতে হবে;
- (১২) গবেষণা কার্যক্রমের ফলাফল প্রতিবেদনাকারে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন বা শিক্ষা মন্ত্রণালয়ের নির্ধারিত লাইব্রেরীতে সংরক্ষণ করা হবে;
- (১৩) প্রতি বছর প্রাথমিক বাছাই কমিটি গবেষণা সহায়তায় পরিচালিত কার্যক্রম অনানুষ্ঠানিক মূল্যায়ন করবে ও প্রতিবেদন তৈরী করবে;
- (১৪) গবেষণা ফলাফলের প্রায়োগিক ব্যবহার সম্পর্কে জাতীয় স্টিয়ারিং কমিটি সরকারকে অবহিত করবে।

(১ম পক্ষ)


মুখ্য গবেষকের নাম ও স্বাক্ষর

পদবীসহ সীলমোহর

তারিখঃ

(২য় পক্ষ)

সরকার


২৭/০৩/২০২০
(রশিদুল কুমার সেন)
উপসচিব
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার